

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)

আইডিইবি ভবন(৪৬ ও ৫৮ তলা), ১৬০/এ, কাকরাইল ঢাকা-১০০০।
web: www.cevdsc.gov.bd

নথি নং-৪/মূসক/৮(২৭২)করফাঁকি/আটক/বিচার/২০২০/

তাৎ-

/০৭/২০২০ খ্রি।

বিষয়ঃ দি কাস্টমস এ্যাস্ট, ১৯৬৯ এর সেকশন ১৮০ মোতাবেক কারণ দর্শানো নোটিশ জারীকরণ

সুত্রঃ সিদ্ধিক বাজার কেন্দ্রিয় গুদাম-২ এর জি আর নং-০১/২০১৯, তারিখ: ২৯/১২/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কোস্ট গার্ড স্টেশন, পাগলা, নারায়ণগঞ্জ কর্তৃক বিভিন্ন মালামালসহ চালক/যাত্রী বিহীনভাবে একটি বাস্কহেড (এম-৮৩৯৭) আটক করা হয়। পরবর্তীতে আটককৃত বাস্কহেডটি উক্ত দণ্ডের এর জিম্মায় রেখে অন্যান্য মালামাল জি আর নং-০১/২০১৯, তারিখঃ ২৯/১২/২০১৯ খ্রি এর মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ) ঢাকা এর আওতাধীন সিদ্ধিক বাজার কেন্দ্রিয় গুদাম নং-০২ এ জমা প্রদান করা হয়েছে। আটককৃত মালামাল এর বিবরণ নিম্নের ছকে উপস্থাপন করা হলোঃ

ক্র. নং	মালের বিবরণ	সংখ্যা/পরিমাণ	একক মূল্য (আনুমানিক)	মোট মূল্য (আনুমানিক)
[০১]	[০২]	[০৩]	[০৪]	[০৫]
০১	বেনারশি কাতান (মধ্যম মানের)	২৬৬২ পিস	৬,০০০/-	১,৫৯,৭২,০০০/-
০২	বিভিন্ন রকমের শাড়ি (নিম্ন মানের)	৯৮৬০ পিস	১,৮০০/-	১,৭৭,৪৮,০০০/-
০৩	লেহেঙ্গা (মধ্যম মানের)	২২৪ পিস	৯,০০০/-	২০,১৬,০০০/-
০৪	ঢুঁটি (নিম্ন মানের)	২৪৯ পিস	১,৮০০/-	৪,৪৮,২০০/-
০৫	জুতা (নিম্ন মানের)	৫০ জোড়া	১০০/-	৫,০০০/-
০৬	শাল চাদর (নিম্ন মানের)	৩৩৬ পিস	১,২০০/-	৪,০৩,২০০/-
০৭	সেরোয়ানী (নিম্ন মানের)	৮৮ পিস	৬০০/-	৫২,৮০০/-
০৮	পাঞ্জাবী (নিম্ন মানের)	৩০৮ পিস	৫০০/-	১,৫৪,০০০/-
০৯	বাস্কহেড (ইঞ্জিনসহ)	০১ টি	৩০,০০,০০০/-	৩০,০০,০০০/-
মোট				৩,৯৭,৯৯,২০০/-

০৩। আটককৃত পণ্যের মধ্যে শুধুমাত্র বাস্কহেডটির মালিকানা দাবী করে জনৈক ডাঃ মোঃ হেদায়েতুল ইসলাম এ দণ্ডের একটি আবেদন করেছেন। অন্যান্য পণ্যের মালিকানা দাবী করে কেউ অত্র দণ্ডের আবেদনপত্র দাখিল করেননি। মামলার আটক প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আটককৃত উক্ত যানবাহনসহ পণ্যের ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section-2 এর দফা (S) এর Clause (c) মোতাবেক চোরাচালন করাসহ The Customs Act এর Section-16 এবং সেই সঙ্গে পঠিতব্য The Imports and Exports (Control) Act, 1950 এর Section-3(1) এর বিধানবলী লংঘন করা হয়েছে, যা The Customs Act এর Section-156(1) এর Table এর Clause-8 & 9(i) এর বিধান মোতাবেক দন্তনীয় অপরাধ এবং আটককৃত উক্ত দাবীদার বিহীন মালামাল রাষ্ট্রের অনুকূলে বাজেয়াওয়্যোগ্য।

০৪। এমতাবস্থায়, মালিকানা (যদি থাকে) দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদিসহ উল্লিখিত মালামালসমূহ কেন রাষ্ট্রের অনুকূলে বাজেয়াও করা হবেনা তার যথাযথ জবাব ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি স্ট্যাম্পসহ লিখিতভাবে (বক্তব্যের সমর্থনে

দলিলাদিসহ) পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দণ্ডের দাখিল করার জন্য বলা হলো। তাছাড়া এ মামলার বিষয়ে আপনি/আপনারা ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহী কি-না তাও লিখিতভাবে উল্লেখ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে জবাব দাখিলে ব্যর্থ হলে প্রাপ্ত তথ্য/দলিলের ভিত্তিতে মামলাটি আইনানুগভাবে নিষ্পত্তি করা হবে।

—
—

[এস এম হুমায়ুন কবীর]
কমিশনার
ফোন-০২-৫৮৩১৫৯৬৮
Email-cevdhksouth@yahoo.com

নথি নং-৪/মৃসক/৮(২৭২)করফাঁকি/আটক/বিচার/২০২০/ ৪২৩


তাৎক্ষণ্যে ২৯/০৭/২০২০ খ্রি।

(অনুলিপি অবগতি ও কার্যার্থঃ

- ০১। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। [তাঁকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনসহ সদর দণ্ডের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
- ০২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কোত্তালী বিভাগ, ঢাকা। [তাঁকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]।
- ০৩। মোঃ হুমায়ন কবির, সহকারী রাজস্ব কর্মকর্তা (গুদাম কর্মকর্তা), সিদ্ধিক বাজার, ঢাকা। [তাঁকে নোটিশটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]।


২৯.০৭.২০২০
[মোঃ জাকির হোসেন]

সহকারী কমিশনার


২৯.০৭.২০২০